# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

## অফিস আদেশ

নং- ২১ (এ) তারিখ: ২৮ আশ্বিন, ১৪২৯
১৩ অক্টোবর, ২০২২

বিষয়ঃ **বিচারকার্যে 'কোর্ট প্রযুক্তি'র ব্যবহার বৃদ্ধি ও নিশ্চিতকরণ সম্পর্কিত কমিটি গঠন।**

বাংলাদেশের আদালত সমূহে মামলা-মোকদ্দমা নিষ্পত্তিতে বিলম্ব ও ব্যয় লাঘবের লক্ষ্যে অবাধ বিচারিক তথ্য প্রবাহ নিশ্চিত করে টেকসই বিচার প্রতিষ্ঠায় 'কোর্ট প্রযুক্তি'র ব্যবহার বৃদ্ধির অভিপ্রায়ে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সদয় অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ সুপ্রীম কোর্টের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলোঃ

| ক্রমঃ | নাম | পদবী | বিভাগ | অবস্থান |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মোয়াজ্জেম হোছাইন | স্পেশাল অফিসার | হাইকোর্ট বিভাগ | সভাপতি |
| ২ | জনাব এম এম মোর্শেদ | ডেপুটি রেজিস্ট্রার | আপীল বিভাগ | সদস্য |
| ৩ | জনাব মোঃ মঈনউদ্দিন কাদির | সহকারী রেজিস্ট্রার (রিসার্চ ইউনিট) | হাইকোর্ট বিভাগ | সদস্য |
| ৪ | জনাব মোঃ আব্দুল মালেক | সহকারী রেজিস্ট্রার (প্রটোকল) | হাইকোর্ট বিভাগ | সদস্য সচিব |

উল্লেখ্য যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিজ্ঞ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ সাইফুর রহমান উপরিউক্ত রূপে গঠিত কমিটির কার্যক্রমের তদারকির দায়িত্ব পালন করবেন।

০২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, সংবিধিবদ্ধ আইন, ন্যায় বিচারের প্রতিষ্ঠিত মূলনীতি ও টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা সামনে রেখে সহজতর, দ্রুততম ও সাশ্রয়ী বিচারিক সেবা প্রদানের ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতা ও অন্তরায় সমূহ চিহ্নিত করে বিচার বিভাগের কাঠামোগত ও পদ্ধতিগত সক্ষমতা বৃদ্ধি উদ্দেশ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন করা।

(খ) সময়ের দাবী ও বাস্তবতার নিরিখে মামলা-মোকদ্দমা নিষ্পত্তিতে অত্যধিক বিলম্ব ও বিচার প্রক্রিয়ার অপ্রত্যাশিত ব্যয় লাঘবে দেশের আদালত ব্যবস্থায় সময়োপযোগী তথ্য, যোগাযোগ ও ইন্টারনেট প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির পাশাপাশি মেশিন লার্নিং, বিগ ডেটা ও কৃত্রিম বুদ্ধিমত্তায় পরিচালিত অত্যাধুনিক 'কোর্ট প্রযুক্তি'র ব্যবহারের পথ সুগম করা।

(গ) ন্যায়বিচারে প্রবেশাধীকারের ব্যবস্থাসমূহকে আরো উন্নত, সুগম, সুলভ, অবারিত ও বৈষম্যহীন রূপে গড়ে তোলার লক্ষ্যে অবাধ বিচারিক তথ্য প্রবাহ নিশ্চিত করা। এ ক্ষেত্রে, নতুন নতুন অ্যাপ্লিকেশন, ওয়েব-ভিত্তিক পরিষেবা ও উদ্ভাবনী সমাধানের সাহায্যে দেশের আদালত সমূহে ইতিবাচক পরিবর্তন সাধন করে সচ্ছতা, জবাবদিহিতা ও মানসম্মত ন্যায় বিচার নিশ্চিতকরণের মধ্য দিয়ে দেশে আইনের শাসন প্রতিষ্ঠা ও টেকসই উন্নয়নে দৃশ্যমান ভূমিকা রাখার লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক গৃহীত চলমান কার্যক্রমকে আরো বেগবান করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।

(ঘ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের ২০০০-২০২০ সালের নথি সমূহ ডিজিটাল আর্কাইভের চলমান কার্যক্রমের তদারকি করা।

(ঙ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিভিন্ন শাখা ও সেবা প্রদানের মাধ্যম সমূহ ডিজিটাইজড ও ডিজিটালাইজড করা।

(চ) কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে প্রতি মাসে অন্তত একবার কমিটির তদারক-কারী কর্মকর্তাকে অবহিত করা।

(ছ) উপরিউক্ত কার্যাবলীর বাইরে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় এতদ্সক্রান্ত অন্য কোন নির্দেশনা প্রদান করলে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে এই আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ০২-২২৩৩৮২৭৮৫
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং ৮৬৪২ | তারিখ: ২৮ আশ্বিন, ১৪২৯
১৩ অক্টোবর, ২০২২

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো** (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪। জনাব মোঃ মঈনউদ্দিন কাদির, সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। জনাব মোঃ আব্দুল মালেক, সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অফিস কপি।

১৩/১০/2022

**(কাজী আরাফাত উদ্দীন)**
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২-২২৩৩৫৮৭৮১